

নরসিংদীর আকাশে বিমানের ৩ ঘণ্টা চক্কর, শাহজালালে জরুরি অবতরণ

- A Monitor Desk Report

Date: 25 June, 2024



ঢাকাঃ চট্টগ্রাম থেকে আবুধাবির উদ্দেশে রওনা হওয়া বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে (বিজি-১২৭) পাইলটের সামনের কাচে (উইন্ডশিল্ড) ফাটল দেখা দেয়ায় ফ্লাইটটি আবুধাবি না গিয়ে ৩ ঘণ্টা ধরে নরসিংদীর আকাশে চক্কর দেয়। এতে স্থানীয়দের মধ্যে আতঙ্ক দেখা দেয়।

পরে সোমবার (২৪ জুন) দিবাগত রাত ১টা ২০ মিনিটে নিরাপদে ফ্লাইটটি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের একজন দায়িত্বশীল কর্মকর্তা জানান, উড়োজাহাজটির উইন্ডশিল্ডে ফাটল দেখা দেওয়ায় এটি তাৎক্ষণিক অবতরণের সিদ্ধান্ত নেয়। এজন্য নিয়ম অনুযায়ী ফ্লাইটটি আকাশে চক্কর দিয়ে জ্বালানি পোড়াতে থাকে। ঢাকা বিমানবন্দরের এয়ার ট্রাফিক কন্ট্রোল (এটিসি) টাওয়ার ফ্লাইটটিকে নরসিংদীর আকাশে চক্কর দেওয়ার নির্দেশনা দেয়।

নরসিংদীর বেলাবো থানার ডিউটি অফিসার ইফাত হোসেন জানান, ফ্লাইটটি চক্কর দিতে থাকলে ৯৯৯-এর মাধ্যমে থানায় স্থানীয় কয়েকজন ফোন দিয়েছিলেন। তারা এ বিষয়ে বিস্তারিত জানতে চাইছিলেন। তবে আমাদের কাছে কোনো তথ্য ছিল না।

উড়োজাহাজ চলাচল পর্যবেক্ষণকারী ওয়েবসাইট ফ্লাইট রাডারের তথ্য মতে, ফ্লাইটটি রাত ১০টা ৪ মিনিটে চট্টগ্রাম থেকে আবুধাবির উদ্দেশে উড়াল দেয়। তবে ত্রুটির কারণে নরসিংদীর বেলাবো এলাকার আকাশে প্রায় ২৬/২৭টি চক্কর দেয়।

অবশেষে রাতে নিরাপদে ফ্লাইটটি ঢাকায় অবতরণ করে। ফ্লাইটে কতজন যাত্রী ছিল তা নিশ্চিত হওয়া যায়নি।

সোমবার দিবাগত রাত ১টা ২৫ মিনিট পর্যন্ত এ বিষয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স আনুষ্ঠানিকভাবে কোনো তথ্য দেয়নি।

বিষয়টি নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম বলেন, 'ফ্লাইটটির টেকনিক্যাল

ফল্ট হয়েছিল। আলহামদুলিল্লাহ এটি নিরাপদে অবতরণ করেছে।

-B